সংবাদ

তারিখ 12 MAY 2009
পৃষ্ঠা ১৫ কলাম ১

# শিক্ষক স্বল্পতা দূরীকরণে সরকার সময়োচিত পদক্ষেপ নিচ্ছে

সিলেট অফিস

সিলেট-৩ আসনের এমপি মাহমুদ উস সামাদ কয়েস চৌধুরী বলেছেন, বর্তমান সরকার দিনবদলের সনদকে বাস্তবায়ন করতে শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে। আগামীদিনের ডিজিটাল বাংলাদেশ গড়তে শিক্ষার কোন বিকল্প নেই। তিনি বলেন, প্রাথমিক শিক্ষার হার বাড়াতে ইতোমধ্যে সরকার সময়োচিত বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। পৃথিবীর যত দেশ উন্নতীর শিখরে আরোহন করেছে তারা শিক্ষাকেই সবকিছুর উপরে স্থান দিয়েছে। তিনি শুক্রবার সকালে দক্ষিণ সুরমা উপজেলার সিলাম ইউনিয়নের উলালমহল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০ লাখ টাকা ব্যয়ে নতুন ভবন নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথাগুলো বলেন। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি হাজী আবদুল মতিনের সভাপতিত্বে ও ইউপি সদস্য শাহ ছমির উদ্দিনের পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দক্ষিণ সুরমা উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা সোনামণি চাকমা, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বায়জীদ খান, উপজেলা উপ-সহকারী প্রকৌশলী শাহের উদ্দিন, সাবেক ইউপি চেয়ারম্যান সৈয়দ মোক্তাদির হোসেন লাকি। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা গোপা রায়ের স্বাগত বক্তব্যের মাধ্যমে শুরু হওয়া অনুষ্ঠানে এলাকাবাসীর পক্ষ থেকে বক্তব্য রাখেন আবদুস শহীদ মাস্টার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুতুব-জালাল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল করিম, উলালমহল প্রাথমিক বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক মুতলিব মিয়া, চান্দ আলী, আবদুল করিম, আহার আলী, মুজিবুর রহমান, লেছু মিয়া প্রমুখ। পরে প্রধান অতিথি এমপি মাহমুদ উস সামাদ চৌধুরী ফলক উন্মোচন ও মোনাজাতের মাধ্যমে বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজের উদ্বোধন করেন। মোনাজাত পরিচালনা করেন উলালমহল জামে মসজিদের ইমাম মিনহাজ উদ্দিন। ২০ লাখ ২ হাজার টাকা ব্যয়ে ভবনটি নির্মাণ করছে স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ।